

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2014**

**PART - III**

**বাংলা - সাধারণ**

**চতুর্থ পত্র**

Duration : 3 Hours ]

[ Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। যে কোনো ১০টি শব্দের বাংলা পরিভাষা লেখো : ১০ × ১ = ১০  
Anecdote, Burlesque, Corollary, Chorus, Dialect, Exposition, Epilogue, Genre, Historicity, Image, Interlude, Limeric, Myth, Prologue, Romantic, Satire, Subtext Utopia.
- ২। যে কোনো ১টি বিষয় নিয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করো : ১৫  
ক) পশ্চিমবঙ্গের শিল্পায়ন  
খ) ছাত্রসমাজ ও বর্তমান বিশ্ব  
গ) ভারতীয় রেলো যাত্রী নিরাপত্তা  
অথবা  
যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করো : ১৫  
ক) তোমার প্রিয় গল্পকার  
খ) সাহিত্য পাঠের উপযোগিতা  
গ) চলচ্চিত্রে বাংলা সাহিত্য
- ৩। যে কোনো দুটি'র উদাহরণসহ সংজ্ঞা লেখো : ২ × ৫ = ১০  
আদি স্বরাগম, মধ্য স্বরলোপ, সমাক্ষর লোপ, সকারীভবন, বিপর্যাস, সংকর শব্দ, ব্যঞ্জনগম, মিশ্রণ।
- ৪। নিম্নলিখিত অংশটিতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (International Phonetic Alphabet) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করো : ২০ ×  $\frac{১}{২}$  = ১০  
একটি ছেলে সিঁড়ি দিয়ে নামবার সময় পাঁচবার ধাপ গুনে নামে। একজন শিক্ষক রাস্তা দিয়ে স্কুলে যাওয়ার সময় প্রতিটি লাইট পোস্ট ছুঁয়ে যেতেন। এক ভদ্রলোক অফিস যাওয়ার সময় বাড়ি থেকে বাস স্টপ পর্যন্ত পা গুনে গুনে হেঁটে যেতেন। যদি কোনো কারণে মাঝপথে ভুলে যেতেন কত পা হাঁটা হয়েছে, তা হলে বাড়ি ফিরে গিয়ে তার নির্দিষ্ট জায়গা থেকে আবার হাঁটা শুরু করতেন। এসবই কমপালসন।

- ৫। ভারতে শিশুশ্রমিক সমস্যা ও প্রতিকার বিষয়ে একজন সমাজতত্ত্বিকের সঙ্গে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ১৫

অথবা

তোমার দেখা একটি গ্রামীণ মেলা ও প্রদর্শনী নিয়ে সংবাদপত্রে প্রকাশের উদ্দেশ্যে একটি প্রতিবেদন (রিপোর্ট) রচনা করো। ১৫

- ৬। তোমার এলাকায় রাস্তাঘাট, পানীয় জল, জনস্বাস্থ্য প্রভৃতি সমস্যার কথা জানিয়ে পৌরপ্রধান বা পঞ্চায়েত প্রধানের কাছে একটি পত্র লেখো। ১৫

অথবা

সৌরশক্তি চালিত আলো ও পাখা বিপণনের জন্য তুমি একটি শো-রুম খুলেছো। এ বিষয়ে জনসাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য একটি বিজ্ঞাপন রচনা করো। ১৫

- ৭। নিম্নলিখিত যে কোনো একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করো : ১৫

The world is like a looking glass; if you smile, it smiles, if you frown it, frowns back. If you look at it through a red glass, all seems red and rosy; if through a blue all blue, if through a smoked one, all dull and dingy. Always try then to look at the bright side of things. There are some persons whose smile, whose voice, whose very presence seem like a ray of sunshine and brighten the whole room. Greet everybody with a bright smile, kind words and pleasant welcome. It is not enough to love those who are near and dear to us. Life is indeed a tragedy at times, and comedy very often.

অথবা

During survey of the ten gram panchayats under 10 different blocks in Birbhum, I noticed that most women come to electoral politics after their marriage and their ages are between 22-45 years. This means that the majority are already burdened with their family, children and in-laws. Their priority is to take care of their family; public administration and politics take second place. By contract, male elected representatives, also mostly married, can give their full time to their party and panchayat office as their wives shoulder all the familial responsibilities.

- ৮। ( শুধুমাত্র দৃষ্টিহীনদের জন্য )

নীচের বানানগুলি সংশোধন করো : ১০ × ১ = ১০

ভাগিরথি, সান্মানিক, সন্মোলন, বিভিসিকা, মুহূর্ত, উচ্ছাস, ভৌগলিক, সহযোগীতা, পিপিলিকা, ছন্দলিপি।

অথবা

রোল নং..... বিষয়..... পত্র.....

৮। নিম্নলিখিত কপিটি দেখে প্রফ কপিটি সংশোধন করো। (পঃ বঃ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে)। মূল কপি ও সংশোধিত প্রফ কপি উত্তর পত্রে অবশ্যই যুক্ত করতে হবে। রোল এবং রেজি. নম্বর অবশ্যই যথাস্থানে লিখতে হবে। (যে কোনো কুড়িটি)। ২০ × ১/২

( পাণ্ডুলিপি )

আমাদের পুরনো বাড়িতে একটা শেগুন কাঠের চেয়ার ছিল।  
বেশ লম্বা হাতলওয়ালা। পিঠের ঠেস দেবার জায়গায় চারটে বড় পাটি।  
বসার জায়গাটাও অনেক বড়। বাবা ঐ চেয়ারটাতে বসতেন। বসে খবরের কাগজ পড়তেন।  
ডায়েরি লিখতেন। হিসেব লিখতেন। বন্ধুরা কেউ এলে ঐ চেয়ারে বসে  
গল্প করতেন। ঐ চেয়ারে সকাল বিকেল বাবা চা খেতেন বসে।  
বর্ষার দিনে ঐ চেয়ারে পা তুলে বসে  
মুড়ি তেলে ভাজাও খেতেন।  
নতুন যে ফ্ল্যাটে উঠে এসেছি এখন  
তার কোন ঘরেই চেয়ারটা ঠিকমতো রাখা যাচ্ছিল না।  
ঘরে বারান্দায় ডাইনিং এ কোথাও  
চেয়ারটা মানাচ্ছিল না।

( প্রফ কপি )

মাআরদে পুরন বাড়িতে একটা শেগুন কাঠের ছিল চেয়ার।  
শবেলম্বা হাতললাও পিঠের ঠেসদেবার জায়গায় চারটে বর পাটি  
বসার জায়গাটা অনেক বড়।  
বাবাঐচেয়ারটাতে বসতেন। বসে খবরের কাগজ পরতেন।  
ডায়েরী হিসেব। লিখতেন হিসেব। বন্ধুরা কেউ এলে ঐ চেয়ারে বসে  
গল্প করতেন। ঐ চেয়ারে স কাল বিকেল বাবাচা খেতেন বসে।  
বর্ষার দিনে ঐ চেয়ারে পা তুলে  
ভুরি তেলেভাজাও খেতেন।  
নতন সে ফাটে উঠে এসেছি এখন  
তার কোন ঘরেই চেয়ারটা ঠিক মতো রাখা যাচ্ছিল না।  
ঘরে বারান্দাই ডাইনিং এ কেথাও  
চেয়ারা মানাচ্ছিল।